



প্রেস রিলিজ  
১৩ ডিসেম্বর ২০২৫

## বাউবির বিএড প্রোগ্রামের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত : ভর্তি পরীক্ষা পরিদর্শন করলেন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত বিএড প্রোগ্রামের ২০২৬ শিক্ষাবর্ষের (২৬তম ব্যাচ) ভর্তি পরীক্ষা আজ শনিবার, ১৩ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত ঘণ্টাব্যাপী সারা দেশের ২৭টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হয়। এ ভর্তি পরীক্ষায় মোট ১১ হাজার ৮২৬ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম ঢাকা সরকারি চিচার্স ট্রেনিং কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে তিনি সুষ্ঠু, শান্তিপূর্ণ ও শৃঙ্খলাপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সন্তোষ প্রকাশ করেন।

এ সময় উপাচার্য বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএড প্রোগ্রামের প্রতি আগ্রহ ও চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। নির্ধারিত আসন সংখ্যার তুলনায় আবেদনকারীর সংখ্যা বেশি হওয়ায় প্রতিবছর প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষা গ্রহণ করা হয় এবং নির্ধারিত ভর্তি নীতিমালা অনুসরণ করে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশের মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়।” তিনি শিক্ষার মানোন্নয়ন ও জীবনঘনিষ্ঠ শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালনের আহ্বান জানান।

অন্যদিকে, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন ফেনী সরকারি চিচার্স ট্রেনিং কলেজ কেন্দ্র, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট (বিএমটিটিআই) কেন্দ্র এবং ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম রাজশাহী সরকারি চিচার্স ট্রেনিং কলেজ ও নিউ গভর্নমেন্ট ডিপ্রি কলেজ, রাজশাহী কেন্দ্র পরিদর্শন করেন।

এছাড়া, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিচুর রহমান দিনাজপুর সরকারি কলেজ কেন্দ্র এবং স্কুল অব এডুকেশনের ডীন অধ্যাপক আমিরুল ইসলাম কর্তৃবাজার পিটিআই কেন্দ্রে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন।

উল্লেখ্য, সারাদেশে একযোগে অনুষ্ঠিত এ ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয় এবং কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)